# Times Today BD

ডেস্ক রিপোর্ট | খেলা | 11 April, 2025

দক্ষিণ আমেরিকান ফুটবলে খেলোয়াড়দের শরীর সর্বস্ব খেলা বা অতিরিক্ত ট্যাকলের ঘটনা কারও অজানা নয়। কখনও কখনও সেই উত্তেজনার রেশ ছড়িয়ে পড়ে দর্শকদের মাঝেও।তেমনি একটি ঘটনার স্বাক্ষী হলো লাতিন ক্লাব ফুটবলের সর্বোচ্চ প্রতিযোগিতার আসর কোপা লিবার্তাদোরেস।চিলির মাঠে টুর্নামেন্টটির একটি ম্যাচ দেখতে জোরপূর্বক মাঠে ঢুকতে চাওয়ার ঘটনায় পুলিশের সঙ্গে সংঘর্ষে দুই সমর্থক নিহত হয়েছেন।

অনাকাঙ্ক্ষিত সেই ঘটনার পর খেলা শুরুও হয়েছিল।কিন্তু ৭১ মিনিট পরই ফের মাঠে ঢুকে পড়ে কয়েকজন দর্শক।এই সময় ব্রাজিলিয়ান ক্লাব ফোর্তালেজার খেলোয়াড়রা আত্মরক্ষার্থে মাঠ ছেড়ে উঠে গেলে বাতিল ঘোষণা করা হয় ম্যাচটি।চিলির স্থানীয় গণমাধ্যমের বরাতে এসব তথ্য জানিয়েছে স্প্যানিশ সংবাদমাধ্যম 'মার্কা'।একইসঙ্গে এই ঘটনায় তদন্তের নির্দেশ দিয়েছে লাতিন ফুটবলের অভিভাবক সংস্থা কনমেবল।

প্রতিবেদনে বলা হয়- চিলির সান্তিয়াগোয় অবস্থিত এস্তাদিও মনুমেন্তালে কোপা লিবার্তাদোরেসের ম্যাচে মুখোমুখি হয়েছিল স্বাগতিক ক্লাব কোলো-কোলো এবং ব্রাজিলিয়ান দল ফোর্তালেজা।ম্যাচটি শুরুর আগমুহূর্তে স্টেডিয়ামে ঢুকতে হুড়োহুড়ি শুরু করেন দর্শকদের একটি অংশ।এ সময় নিরাপত্তা ও শৃঙ্খলার দায়িত্বে থাকা পুলিশের সঙ্গে তাদের ধাক্কাধাক্কি ও সংঘর্ষ শুরু হয়।একপর্যায়ে তাদের ছত্রভঙ্গ করতে উচ্চ-চাপসম্পন্ন পানি ছিটায় পুলিশ।

এরপরও পরিস্থিতি নিয়ন্ত্রণে আসেনি বলে জানায় মার্কা।এমনকি সমর্থকদের গায়ের ওপর সীমানা বেড়া বা পেরিমিটার ফেন্স ভেঙে পড়ে।সে কারণেই শ্বাসরুদ্ধ হয়ে দুজন মারা গেছেন বলে ধারণা করছে চিলির সংবাদমাধ্যমগুলো।নিহতদের একজন ১৮ বছর বয়সী তরুণী এবং ১৩ বছরের এক কিশোর।

ফুটবল ব্রাজিল ফুটবল দল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:11

URL: https://www.timestodaybd.com/sports/172353611